অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 সালের ভার্চুয়াল গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার বিশেষ অনুষ্ঠান এবং কার্যক্রম শুরু করেছেন

COVID-19 এর কারণে দেশের তৃতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মেলা স্থগিত হয়, এখনও বার্ষিক মাখন ভাস্কর্য অনুষ্ঠিত হবে

মেলার ভক্তরা মেলা এবং এর অংশীদারদের কাছ থেকে ভার্চুয়াল প্রতিযোগিতা এবং কার্যক্রম উপভোগ করতে পারেন

লেবার ডে পর্যন্ত মেলা প্রাঙ্গণে ড্রাইভ-থ্রু ফেয়ার ফুড ইভেন্ট চলবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ভার্চুয়াল গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর বিশেষ অনুষ্ঠান এবং কার্যক্রমের একটি পূর্ণাঙ্গ স্লেট ঘোষণা করেছেন, যার ফলে নিউ ইয়র্কবাসীরা 2021 সালে ফিরে আসার আগ পর্যন্ত নিরাপদে এই মেলা উপভোগ করতে পারবে। মেলার ভক্তরা ফেয়ার গ্রাউন্ডে ফেয়ার ফুড ড্রাইভ-থ্রু উপভোগ করতে পারেন, সরাসরি গরুর জন্ম প্রত্যক্ষ করতে খামারে ভার্চুয়াল ভ্রমণ এবং মেলার বার্ষিক মাখন ভাস্কর্য উন্মোচনের সরাসরি স্ট্রিম উপভোগ করতে পারেন। মেলার কিছু ঐতিহ্য উদযাপনের জন্য অনলাইন প্রতিযোগিতা এবং ভার্চুয়াল উদযাপন অন্তর্ভুক্ত। দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার দেশের প্রথম এবং প্রাচীনতম রাষ্ট্রীয় মেলা এবং প্রাচ্যের বৃহত্তম রাষ্ট্রীয় মেলা।

"দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার একটি লালিত ঐতিহ্য যাকে ঘিরে অনেক নিউ ইয়র্কবাসী তাদের গ্রীষ্মকালীন ছুটি এবং ভ্রমণ পরিকল্পনা তৈরি করে," **গভর্নর কুওমো বলেন**। "যদিও COVID-19 আমাদের মহান মেলা স্থগিত করেছে, নিউ ইয়র্কবাসীরা এই চ্যালেঞ্জিং সময়ে মেলা ভার্চুয়ালভাবে উপভোগ করার জন্য 178 বছরব্যাপী এই ঐতিহ্যেকে এক নতুন রঙে উপস্থাপনের একটি উপায় খুঁজে পেয়েছে।"

মেলার সবচেয়ে প্রতীক্ষিত আকর্ষণগুলির একটি, বার্ষিক মাখন ভাস্কর্য, ডেইরি প্রোডাক্টস বিল্ডিংএর ভিতরে তৈরি করা হচ্ছে। 1 সেপ্টেম্বর ভাস্কর্যটি সম্পন্ন হলে, আমেরিকান ডেইরি অ্যাসোসিয়েশন নর্থ ইস্ট (এডেন) এর সৃষ্টির একটি সময়-বিলম্বের ভিডিও প্রকাশ করবে, এখানে। এই মেলা তাদের

ফেসবুক পাতার মাধ্যমে অনলাইনে ভক্তদের জন্য একটি নিজের মাখন ভাস্কর্য তৈরি করুন প্রতিযোগিতার আয়োজন করবে। প্রতিযোগিতা সংক্রান্ত আরও তথ্য পাওয়া যাবে এখানে। এডেন এছাড়াও একটি মাখন ভাস্কর্য প্রতিযোগিতা পরিচালনা করছে; বিস্তারিত এখানে পাওয়া যাবে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার একটি ঐতিহ্য যার জন্য কাছাকাছি এবং দূর থেকে আসা মেলাগামী মানুষ প্রতি বছর মুখিয়ে থাকে – কৃষি প্রদর্শনী থেকে অসাধারণ খাদ্য এবং বিনোদন পর্যন্ত। এই বছর, আমরা একটি কঠিন বছরের সম্মুখীন হয়েছি, যা অন্য যে কোন বছরের মত নয়, কিন্তু আমরা নিউ ইয়র্কবাসীদের সাথে সহনশীল হয়ে দাঁড়িয়ে আছি এবং মেলাগামী মানুষের সাথে এই নতুন উপায়ে তাদের কিছু প্রিয় অনুষ্ঠান এবং কার্যক্রম শেয়ার করতে পেরে গর্বিত। আমরা শীঘ্রই সবার সাথে উদযাপনের অপেক্ষায় আছি।"

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের ডিরেক্টর ট্রয় ওয়াফনার বলেছেন, "আমরা জানি যে মানুষ এই বছর মেলা মিস করবে। আমরা এমন অনেক ফোন কল, ইমেইল এবং টেক্সট মেসেজ পেয়েছি যাদের জন্য মেলা একটি ঐতিহ্য। আমরা জানি এই সব কার্যক্রম মেলাকে প্রতিস্থাপন করবে না, কিন্তু আমাদের সবাইকে মনে করিয়ে দেবে কেন আমরা মেলাকে ভালোবাসি এবং যতক্ষণ না আমরা আবার দেখা করতে পারি ততক্ষণ পর্যন্ত আমাদের চালিয়ে যাওয়ার শক্তি যোগাবে। এবং নিশ্চিন্ত থাকুন, আমরা এই সময়কে ব্যবহার করছি আমাদের দীর্ঘ ইতিহাসের সর্বশ্রেষ্ঠ মেলার পরিকল্পনা করতে।"

এই মেলা ভার্চুয়াল প্রতিযোগিতায় পুরস্কার প্রদান করবে যার মধ্যে থাকবে হোম পার্টিতে রাষ্ট্রীয় মেলা পরিচালনা, ফেয়ার বিক্রেতাদের ইট-পাথরের দোকান পরিদর্শন বন্য খাদ্য বা পানীয় তৈরি, মেলার ভক্তকূলের অসাধারণ কাহিনী প্রদর্শন এবং আরো অনেক কিছু। সকল প্রতিযোগিতা মেলার ফেসবুক পাতায় আছে।

উপরন্তু, এই মেলা নিউ ইয়র্কের ইতিহাসে নারীদের ভোটাধিকার আন্দোলনের শতবার্ষিকী ছবিসহ উদযাপন করবে তাদের সামাজিক যোগাযোগ মাধ্যম সাইটে, যার মধ্যে রয়েছে রাষ্ট্রীয় মেলায় একটি প্রচেষ্টা।

মেলার অন্যান্য সহযোগীরা তাদের নিজস্ব ভার্চুয়াল ইভেন্ট তৈরি করছে। নিউ ইয়র্ক অ্যানিম্যাল এগ্রিকালচার কোয়ালিশন, যা মেলা চলাকালীন জনপ্রিয় ডেইরি কাউ বার্থিং সেন্টার পরিচালনা করে, তারা গ্রুপের ফেসবুক পেজের মাধ্যমে মাঠে সরাসরি দুগ্ধজাত গরুর জন্ম দেখানোর জন্য অনেক ফার্ম পরিদর্শন করবে। এই মেলা বাণিজ্যিক দলগুলোর সাথে কাজ করছে কৃষিপণ্যের দিবসব্যাপী উদযাপনের মত ঐতিহ্যগুলি বাঁচিয়ে রাখতে যেমন গরুর মাংস দিবস এবং দুগ্ধ দিবস ইত্যাদি উদযাপনের পরিকল্পনা চলছে।

যারা মেলার ধাঁচের খাবার খুঁজছেন তারা লেবার ডে পর্যন্ত সপ্তাহান্তে মেলার অরেঞ্জ লটে যেতে পারেন। মেলার বেশ কয়েকজন বিক্রেতা একত্রিত হয়েছেন ড্রাইভ-থ্রু খাদ্য সেবা প্রদানের জন্য এবং সন্ধ্যায় থাকছে সামাজিকভাবে দূরবর্তী ড্রাইভ-ইন সিনেমা।

1841 সালে মেলা প্রতিষ্ঠিত হওয়ার পর এই নিয়ে দ্বিতীয়বারের মত বার্ষিক অনুষ্ঠান বাতিল করা হয়েছে। মেলা 1942-48 পর্যন্ত বাতিল করা হয় কারণ ফেয়ারগ্রাউন্ড দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় একটি সামরিক প্রশিক্ষণ সুবিধা হিসেবে ব্যবহৃত হচ্ছিল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন